REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 30-08-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

---

Headlines :

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মৎস্য সম্পদ যোজনায় আজ গোটা দেশে ১ হাজার ৫৬৪ কোটি টাকার প্রকল্পের সূচনা করেন ।**

**(২) বন্যা পরবর্তী পরিস্থিতিতে আজ বিকাল পর্যন্ত রাজ্যে ৩২৯টি ত্রাণ শিবিরে ১৭ হাজার ৯৩৯ জন মানুষ রয়েছেন ।**

**(৩) উপরাষ্ট্রপতি জগদীপ ধনখর বলেছেন যে নারীরা দেশের বৃদ্ধিতে অংশগ্রহণ না করলে ভারত উন্নত দেশ হতে পারবে না ।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্যারিস প্যারা অলিম্পিক ২০২৪ এ স্বর্ণ পদক জয়ী শ্যুটার অবনী লেখারা ও ব্রোঞ্জ পদক জয়ী শ্যুটার মোনা আগরওয়ালকে অভিনন্দন জানিয়েছেন।**

**************************************************

**PM, Fisheries :**

মৎস্য উৎপাদনে ভারত সারা বিশ্বে দ্বিতীয় স্থানে রয়েছে। মৎস্য চাষে অধিকতর উন্নয়নের লক্ষ্যে সরকার আজ প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় দেশজুড়ে ১ হাজার ৫৬৪ কোটি টাকার প্রকল্পের সূচনা করেছে। মহারাষ্ট্রের পালঘর থেকে আজ ভার্চুয়াল ভাবে দেশব্যাপী বিভিন্ন প্রকল্পের সূচনা করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

এই প্রকল্পগুলির মধ্যে আমবাসা ব্লকের অন্তর্গত কেকমাছড়া গ্রাম পঞ্চায়েতের সুনীল দাসের বাড়িতে গড়ে ওঠা ফ্রেশওয়াটার ফিনফিশ হ্যাচারিও রয়েছে।

সুনীল দাস জানিয়েছেন, এই হ্যাচারি তৈরি করতে মোট ব্যয়ের ২৫ লক্ষ টাকার মধ্যে সরকার ১৫ লক্ষ টাকা দিয়েছে । শ্রী দাস আশা প্রকাশ করেন যে, এখান থেকে উৎপাদিত রেনু বাজারজাত করে তিনি লাভবান হবেন এবং এই হ্যাচারিতে অনেকের কর্মসংস্থানের সুযোগও তৈরি হবে।

আজ সুনীল দাসের বাসভবনে মৎস্য দপ্তরের উদ্যোগে এই অনুষ্ঠান সরাসরি সম্প্রচার করা হয় যেখানে প্রধানমন্ত্রী ভার্চুয়াল ভাবে এই প্রকল্পের সূচনা করেন। অনুষ্ঠানে বিএসি চেয়ারম্যান পরিমল দেববর্মা, আমবাসা পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন হেমালি দেববর্মা, প্রমুখ উপস্থিত ছিলেন।

প্রধানমন্ত্রী আজ সিপাহীজলা জেলার পশ্চিম নলছড়েও প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনার ভুর্তকিতে গড়ে উঠা বসুন্ধরা নামে একটি মৎস্য হেচারীর ভার্চুয়ালভাবে উদ্বোধন করেন। কেন্দ্রীয় সরকারের এই প্রকল্পটির সুবিধা পেয়ে হেচারীর কর্ণধার মাধবী ভৌমিক দাস প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানিয়েছেন। তিনিও ১৫ লক্ষ টাকা সরকারী সাহায্য পয়েছেন।

*************************

**Press Meet-Flood Situation :**

বন্যা পরবর্তী পরিস্থিতিতে আজ বিকাল পর্যন্ত রাজ্যে ৩২৯টি ত্রাণ শিবিরে ১৭ হাজার ৯৩৯ জন মানুষ রয়েছেন। জেলা প্রশাসনের পক্ষ থেকে তাদের প্রয়োজনীয় খাদ্য, পানীয় জল এবং স্বাস্থ্য সহায়তা প্রদান করা হচ্ছে। ত্রাণ শিবিরগুলিতে পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা এবং জলবাহিত রোগ যাতে না হয় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে। আজ সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে রাজস্ব দপ্তরের সচিব ব্রিজেশ পান্ডে এ সংবাদ জানান।

তিনি জানান, সাম্প্রতিক বন্যার পর আজ প্রথমবারের মত সোনামুড়ায় গোমতী নদীর জলস্তর বন্যাস্তর থেকে নিচে নেমে এসেছে।

রাজস্ব সচিব জানান, বন্যার পরে রাজ্যের ৪ হাজার ৭৩৪টি বিদ্যালয়ের মধ্যে ৪,৫৯০ টি বিদ্যালয় খোলা হয়েছে। ধলাই জেলা, সিপাহীজলা জেলা, গোমতী জেলা এবং দক্ষিণ ত্রিপুরা জেলার ১৪৪টি বিদ্যালয় এখনও খোলা যায়নি। তাছাড়া গতকাল থেকে রাজ্যের ৯ হাজার ২৭৮টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র পুনরায় চালু করা হয়েছে। বন্ধ থাকা বাকি ৯৩৬টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রের শিশুদের বাড়ি বাড়ি রেশন পৌঁছে দেওয়া হচ্ছে।

রাজস্ব সচিব আরো জানান, গত ২৭ আগস্ট থেকে কলেজগুলিতে একাডেমিক কর্মসূচি পুনরায় শুরু হয়েছে। তিনি জানান, ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ে স্নাতক কোর্সের চলতি সেমিস্টার পরীক্ষার দিনক্ষণ পুনর্নির্ধারণ করার জন্য অনুরোধ করা হয়েছে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন, রাজস্ব দপ্তরের অতিরিক্ত সচিব সুমিত লোধ, বিপর্যয় ব্যবস্থাপনা দপ্তরের স্টেট প্রজেক্ট অফিসার শরৎ কুমার দাস।

*************************

**Central Team :**

স্বরাষ্ট্র মন্ত্রকের যুগ্ম সচিব বি. সি যোশীর নেতৃত্বে কেন্দ্রীয় আন্ত:মন্ত্রণালয়ের প্রতিনিধি দলটি আজ সিপাহীজলা জেলার সোনামুড়া ও বিশালগড় মহকুমায় বেশকিছু ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন করেন। তারা আজ মোহনভোগ ব্লকের কামরাঙ্গাতলী এলাকার বন্যায় ক্ষতিগ্রস্ত স্টিল ফুট ব্রিজ, মেলাঘর চর, তেলকাজলা, ঘ্রানতলী প্রভৃতি এলাকা পরিদর্শন করেন। সোনামুড়া দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ের ত্রাণ শিবিরে গিয়ে প্রতিনিধি দলটি শরণার্থীদের সঙ্গে কথা বলেন। তারা বেজিমারায় মৎসচাষী ও কৃষকদের ক্ষয়ক্ষতি পর্যবেক্ষণ করেন। সোনামুড়া মহকুমার

থলিবাড়ি ও বিশালগড় মহকুমার গজারিয়ায় বন্যা বিধ্বস্ত এলাকাগুলিও কেন্দ্রীয় প্রতিনিধি দল পরিদর্শন করেন। তাদের সঙ্গে ছিলেন রাজস্ব দপ্তরের অতিরিক্ত সচিব তমাল মজুমদার, সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক জয়ন্ত দে, সোনামুড়ার মহকুমা শাসক অরূপ দেব, অতিরিক্ত মহকুমা শাসক মহেন্দ্র কাম্বে চাকমা সহ বিভিন্ন দপ্তরের পদস্থ আধিকারিকেরা।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের যুগ্ম সচিব বি সি যোশীর নেতৃত্বে আন্ত:মন্ত্রণালয়ের প্রতিনিধি দল আজ দক্ষিন জেলার শান্তিরবাজার মহকুমার গাদ্ধাং পঞ্চায়েতের অশ্বিনী ত্রিপুরা পাড়া পরিদর্শন করেন।

কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের উপ অধিকর্তা মহেশ কুমারের নেতৃত্বে আন্ত:-মন্ত্রণালয়ের এক প্রতিনিধি দল আজ খোয়াই জেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত বিভিন্ন এলাকা পরিদর্শন করেন৷ প্রতিনিধি দলে অন্যান্যদের মধ্যে ছিলেন সড়ক পরিবহণ মন্ত্রকের সুপারিনটেনডেন্ট প্রদীপ কুমার মিনা ও জল শক্তি মন্ত্রকের অধিকর্তা শশাঙ্ক ভূষাণ৷ আজ সকালে প্রতিনিধি দলটি খোয়াই ব্লকের পশ্চিম সোনাতলার অন্তর্গত জামিরা গ্রামে ক্ষয়ক্ষতি পর্যবেক্ষণের পর, স্থানীয় জনগণ ও কৃষকদের সঙ্গে কথা বলেন৷ খোয়াই নদীর আশপাশ অঞ্চলগুলো তারা ঘুরে দেখেন। প্রতিনিধি দলটি চেবরী গ্রাম পঞ্চায়েতের বেশ কয়েকটি পুকুর, কল্যাণপুর ব্লক এলাকার কমলনগর গ্রাম পঞ্চায়েতের ক্ষতিগ্রস্ত কৃষি জমিগুলো পরিদর্শন করেন। দক্ষিণ ঘিলাতলী গ্রাম পঞ্চায়েতের রতিয়া, কল্যাণপুরের চা বাগান এবং ঘিলাতলি বাজারের ক্ষতিগ্রস্ত স্টিল ব্রিজটি পরিদর্শন করেন প্রতিনিধিরা। মুঙ্গিয়াকামী ব্লক এলাকায় তারা ক্ষতিগ্রস্ত জাতীয় সড়কের অংশ ৪১ মাইল এবং ৪৭ মাইল এলাকা পরিদর্শন করেন৷ পরিদর্শন শেষে কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের উপ অধিকর্তা মহেশ কুমার সাংবাদিকদের জানান, খোয়াই জেলা সহ রাজ্যের বিভিন্ন স্থানে আন্ত:মন্ত্রণালয়ের প্রতিনিধিরা বন্যা বিধ্বস্ত এলাকাগুলি পরিদর্শন করেছেন এবং

ক্ষয়ক্ষতি সম্পর্কে অবহিত হয়েছেন। ক্ষয়ক্ষতি সম্পর্কে তারা রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের কাছে রিপোর্ট দাখিল করবেন। আন্ত:মন্ত্রণালয়ের প্রতিনিধিদের সঙ্গে ছিলেন খোয়াই জেলার জেলাশাসক চাঁদনী চন্দ্রন, অতিরিক্ত জেলাশাসক, খোয়াই ও তেলিয়ামুড়ার মহকুমা শাসক ও রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের পদস্থ আধিকারিকগণ।

****************************

**Vice President :**

উপরাষ্ট্রপতি জগদীপ ধনখর বলেছেন যে নারীরা দেশের বৃদ্ধিতে অংশগ্রহণ না করলে ভারত উন্নত দেশ হতে পারবে না। তিনি আজ দিল্লি বিশ্ববিদ্যালয়ের ভারতী কলেজে "বিকশিত ভারতে মহিলাদের ভূমিকা" শীর্ষক একটি অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন। শ্রী ধনখর বলেন যে বিকশিত ভারত তৈরিতে মহিলারা সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশীদার। উপরাষ্ট্রপতি মহিলাদের নেতৃত্বে ক্ষমতায়নের উপরও জোর দেন। কলকাতার ধর্ষণ ও খুনের ঘটনায় বেদনা প্রকাশ করে তিনি বলেন, যেখানে নারী ও মেয়েরা নিরাপদ বোধ করে না, সেই সমাজ সভ্য সমাজ নয়।

*****************************

**Governor-Relief Fund :**

বন্যা দুর্গতদের সহায়তার জন্য রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু তাঁর এক মাসের বেতন মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে দান করেছেন। রাজ্যপালের পক্ষে সচিব উত্তম কুমার চাকমা আজ এই অর্থ রাশি মুখ্যমন্ত্রীর হাতে তুলে দেন।

*************************

**Biplab Deb-Relief :**

সাংসদ বিপ্লব কুমার দেবের উদ্যোগে আজ আগরতলার দুর্গা চৌমুহনীস্থিত বিটারবন এলাকায় বন্যা দূর্গতদের মধ্যে ৬০০

প্যাকেট খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপির সাধারণ সম্পাদিকা পাপিয়া দত্ত।

***************************

**Review Meeting-Belonia :**

সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়ার পৌরহিত্যে আজ বিলোনিয়ায় দক্ষিণ জেলা শাসকের কার্যালয়ে জেলার বন্যা পরবর্তী পরিস্থিতি নিয়ে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। বৈঠকে জেলা শাসক স্মিতা মল এম এস বন্যায় ক্ষয়ক্ষতি ও বন্যার সময়ে গৃহীত ব্যাবস্থাদি সবিস্তারে তুলে ধরেন। মন্ত্রী শ্রী নোয়াতিয়া, পর্যাপ্ত পানীয় জল, বিদ্যুৎ ও বিপর্যয় মোকাবিলা ব্যাবস্হাপনায় গুরুত্ব আরোপ করেন। ক্ষতিগ্রস্তদের দ্রুত ক্ষতিপূরণ দেওয়ার উদ্যোগ নিতে প্রশাসনিক আধিকারিকদের অনুরোধ করেন তিনি। বৈঠকে বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী আগামী ৭ দিনের মধ্যে রাস্তাঘাট মেরামত করে চলাচলের উপযোগী করা, ত্রাণ শিবিরগুলিতে পর্যাপ্ত খাদ্যের ব্যবস্থা করা, ত্রান শিবির ও বন্যায় ক্ষতিগ্রস্ত বাড়িঘরগুলিতে ব্লিচিং পাউডার ছড়ানো, যাদের বাড়িঘর ভেঙ্গে গেছে, তাদের বাড়িঘর তৈরি না হওয়া পর্যন্ত শিবিরে রাখার দাবি জানান। তাছাড়া তিনি বন্যাদূর্গতদের বাড়িঘর মেরামতের জন্য এম.জি.এন রেগা প্রকল্পে কাজের ব্যবস্হা করারও দাবি জানান। বৈঠকে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক প্রমোদ রিয়াং, মাইলাফ্রু মগ, দীপংকর সেন ও অশোক কুমার মিত্র জেলা প্রশাসন ও পুলিশের পদস্থ আধিকারিকগণ।

************************

**Restriction in Jirania :**

জিরানীয়া মহকুমায় শান্তি সম্প্রীতি রক্ষা ও জনসাধারণের চলাচলের উপর বিধিনিষেধের সময়সীমা বৃদ্ধি করে পশ্চিম জেলার জেলা শাসক ডাঃ বিশাল কুমার আজ বিজ্ঞপ্তি জারি করেছেন। বিজ্ঞপ্তি অনুযায়ী, ১৬৩ নম্বর ধারায় জনসাধারণের চলাচলের

উপর বিধিনিষেধের সময়সীমা আগামীকাল ৩১শে আগষ্ট রাত ১টা থেকে আগামী ২রা সেপ্টেম্বর রাত ১টা পর্যন্ত বলবৎ থাকবে। আদেশ অমান্যকারীদের বিষয়ে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।

************************

**Rail :**

শান্তিরবাজার, বিলোনিয়া ও উদয়পুরের গর্জি এলাকায় রেল লাইনের সংস্কারের কাজ শেষ না হওয়ায় আজ এবং আগামীকাল আগরতলা ও সাব্রুমের মধ্যে সমস্ত ডেমো ট্রেন বাতিল করা হয়েছে। তাছাড়া কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসটি আগামীকাল সাব্রুমের পরিবর্তে আগরতলা থেকে শিয়ালদহের উদ্দেশ্যে যাত্রা করবে। এন এফ রেলওয়ে সূত্রে আজ এখবর জানা গেছে।

***************************

**MP Amra Ram-Sonamura :**

বাম সাংসদ তথা সারা ভারত কৃষক সভার সহ-সভাপতি অমরা রাম ত্রিপুরার বন্যাকে রাষ্ট্রীয় বিপর্যয় হিসেবে ঘোষণা করার জন্য কেন্দ্রীয় সরকারের প্রতি আবেদন জানিয়েছেন। তিনি কৃষিপ্রধান সোনামুড়া মহকুমার নলছড়, ইন্দিরানগর, বড়নারায়ন, বেজিমারা প্রভৃতি এলাকা পরিদর্শন করেন। তিনি বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষক ও সাধারণ মানুষের সঙ্গে কথা বলে জানান, সমস্ত কৃষি জমির ক্ষয়ক্ষতি যথাযথভাবে নিরুপনের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ জানানো হয়। বন্যা বিধ্বস্ত এলাকাগুলি পরিদর্শনকালে তার সঙ্গে ছিলেন সংগঠনের সর্বভারতীয় কোষাধ্যক্ষ পি.কৃষ্ণ প্রসাদ, সারা ভারত কৃষক সভার রাজ্য সম্পাদক পবিত্র কর সহ অন্যান্য নেতৃবৃন্দ।

**************************

**Pension Application Form :**

পেনশনভোগীদের জন্য সরকার আজ একটি একক সরলীকৃত পেনশন আবেদন ফর্ম ও ই-এইচআরএমএসের সঙ্গে ভবিষ্যর ডিজিটাল সংযুক্তি ব্যবস্থা চালু করেছে। কর্মী, জনঅভিযোগ ও পেনশন মন্ত্রকের প্রতিমন্ত্রী ড. জিতেন্দ্র সিং নতুন দিল্লিতে এই উদ্যোগগুলি ভিডিও কনফারেন্সের মাধ্যমে চালু করেন৷ অনুষ্ঠানে ডঃ সিং বলেন, সরকার জীবনযাত্রা সহজ করতে প্রতিশ্রুতিবদ্ধ। তিনি বলেন, একক সরলীকৃত পেনশন আবেদনপত্র এবং ই-এইচআরএমএস-এর ভবিষ্যের ডিজিটাল ইন্টিগ্রেশন পেনশনভোগীদের জন্য প্রক্রিয়াটিকে সহজ করবে।

কর্মী ও প্রশিক্ষণ বিভাগের সচিব বিবেক যোশী মানব সম্পদ ব্যবস্থাপনাকে উন্নত করার জন্য এই উদ্যোগগুলিকে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক বলে অভিহিত করেছেন।

***************************

**PM, LAUNCHING :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল বিকেলে ভিডিও কনফারেন্সের মাধ্যমে তিনটি বন্দে ভারত ট্রেনের যাত্রার সূচনা করবেন। 'মেক ইন ইন্ডিয়া' এবং আত্মনির্ভর ভারত এর দৃষ্টিভঙ্গিতে তৈরি এই অত্যাধুনিক বন্দে ভারত এক্সপ্রেসগুলি মিরাট-লখনউ, মাদুরাই-বেঙ্গালুরু এবং চেন্নাই-নাগেরকোয়েল রুটে সংযোগ উন্নত করবে।

প্রধানমন্ত্রী আগামীকাল সকালে নতুনদিল্লির ভারত মণ্ডপমে জেলা বিচার বিভাগের জাতীয় সম্মেলনের উদ্বোধন করবেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী সুপ্রিম কোর্ট প্রতিষ্ঠার ৭৫ বছর পূর্তি উপলক্ষে একটি ডাকটিকিট ও মুদ্রা উন্মোচন করবেন।

****************************

**TBSE Result :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ধনঞ্জয় গন চৌধুরী আজ বছর বাঁচাও পরীক্ষার ফলাফল ঘোষণা করেছেন। এবছর উচ্চ মাধ্যমিকে বছর বাঁচাও পরীক্ষায় বসেছিল ৩৮১৭ জন। তার মধ্যে পাস করেছে ৩৩৪৫ জন। বছর বাঁচাও মাধ্যমিক পরীক্ষায় বসে ছিল ২৭৬৪ জন পরীক্ষার্থী। পাশ করেছে ১৮৮৮ জন।

**************************

**PM, Para Olympic :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্যারিস প্যারালিম্পিক ২০২৪ এ মহিলাদের R2, ১০ মিটার এয়ার রাইফেল SH1 ইভেন্টে স্বর্ণ পদক জয় করায় ভারতীয় শ্যুটার অবনী লেখারাকে অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী বলেছেন তিনটি প্যারা অলিম্পিক পদক জিতে ভারতীয় এই মহিলা অ্যাথলেট ইতিহাস তৈরি করেছেন ।

প্রধানমন্ত্রী এছাড়াও মহিলাদের R2, ১০মিটার এয়ার রাইফেল SH1 ইভেন্টে ব্রোঞ্জ পদক জেতার জন্য ভারতীয় শ্যুটার মোনা আগরওয়ালকে অভিনন্দন জানিয়েছেন। শ্রী মোদী বলেন যে এই অসাধারণ কৃতিত্ব, তার উৎসর্গ এবং শ্রেষ্ঠত্বের সন্ধানকে প্রতিফলিত করে এবং ভারত এজন্য গর্বিত।

********************************

**Chandra Smriti League :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলাটি ড্র হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে রামকৃষ্ণ ক্লাব ও ফরোয়ার্ড ক্লাবের খেলা গোলশূন্য ভাবে শেষ হয়। ফলে উভয় দল এক পয়েন্ট করে পায়।

**************************